

# সংবাদ

সরাইল (ব্রাহ্মণবাড়িয়া) থেকে সর্বোদ্যোগে সরাইল থানা সমিতি ঢাকা ব্রাহ্মণবাড়িয়ায় সরাইল কাপীকছে পাঠশালায় (হাইস্কুল) তরু-বার এলাকায় ১৩টি হাইস্কুলের ২৭ জন দরিদ্র মেধাবী ছাত্রছাত্রীকে বৃত্তি প্রদান করে। এইচএসসি পরীক্ষার কৃষিত্যাগ বোর্ডে কৃতিত্বপূর্ণ ফলাফল করার জন্য এ অনুষ্ঠানে শামিমা আক্তার ও খানিজা আক্তার রুমাকে সমিতির পক্ষ থেকে মেধার স্বীকৃতিস্বরূপ পুরস্কার দেয়া হয়।



সরাইল থানা সমিতি ঢাকা আয়োজিত বৃত্তি ও মেধা পুরস্কার প্রদান অনুষ্ঠানে এক কৃতী ছাত্রীকে মেধা পুরস্কার দিচ্ছেন ভূমি প্রতিমন্ত্রী উকিল আবদুস সাতার (কেন্দ্রে)। মাঝে সমিতির সাধারণ সম্পাদক ওয়াহিদুর রহমান।

অনুষ্ঠানের আলোচনা পর্ব পরিচালনা করেন পিআইবি গবেষক শেখ মজলিস কুদ্দাস ও সমাজকর্মী হোসেন আহমদ তফখির। বৃত্তি ও মেধা পুরস্কার প্রদান পর্ব পরিচালনা করেন সমিতির সমাজকল্যাণ সম্পাদক সাহ মুহাম্মদ মুতাসিম বিটাহ। আলোচনা পর্বে বক্তারা বলেন, ভাল ও উন্নয়নমূলক কাজে উদ্যোগ নেয়ার লোকের অভাব আছে। আমাদের মাঝে দলাদলির সীমা নেই। মেধাবী ছাত্রছাত্রীদের উৎসাহিত করার ক্ষেত্রে সরাইল থানা সমিতির উদ্যোগ ওকৃতিত্বপূর্ণ অবদান রাখবে। তারা ছাত্রছাত্রীদের প্রতি শ্রুতি ও বিধিনিষেধ মেনে চলার আহ্বান জানান।

## ব্রাহ্মণবাড়িয়ায় দরিদ্র মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান

বৃত্তি ও মেধা পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ভূমি প্রতিমন্ত্রী উকিল আবদুস সাতার (কেন্দ্রে)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক আন.ম. শহীদুল্লাহ ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের অধ্যাপক শীল মোবাস্শের আলী। সভাপতিত্ব করেন কাপীকছে পাঠশালা প্রধান শিকুর আবদুল ওয়াহাব।

বাগত বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদক ওয়াহিদুর রহমান, তত্ত্বাবধায়ক রাখেন কাপীকছে পাঠশালা ব্যবস্থাপনা পরিষদের সভাপতি অ্যাডভোকেট জিয়াউল হক মুখা। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন খলিলুর রহমান, অ্যাডভোকেট আবদুস সামাদ ও আনিসুল ইসলাম ঠাকুর।

অনুষ্ঠানে সমিতির নির্বাহী পরিষদের কর্মকর্তা ও সদস্যদের মধ্যে নূরউদ্দিন আহমদ হীরন, সিদ্দিকুর রহমান, তাজুল ইসলাম ভূইয়া, ডা. জাহিদ, সৈয়দা জাহানারা বেগম, সরাইলের ইউএলও এসএএমএ আবদুল হাফিজ, বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান, বিভিন্ন কুলের ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান, কুলের প্রধান শিক্ষক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। মেধাবী ও কৃতী ছাত্রছাত্রীদের মধ্যে ভূমি প্রতিমন্ত্রী, সমিতির নির্বাহী সদস্য ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা বৃত্তি এবং পুরস্কার প্রদান করেন।



অনুষ্ঠানে বক্তব্য রাখছেন সমিতির উপদেষ্টা অধ্যাপক আন.ম. শহীদুল্লাহ, অধ্যাপক শীল মোবাস্শের আলী। ডানে দর্পক-শ্রোতাদের একাংশ।